গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-৮৪০

তারিখ : ২৮ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০২৪ সালের (১৪৩০-১৪৩১ বঙ্গাব্দ) শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি নিম্নোক্তভাবে মন্ত্রণালয়ের অনুমোদন জ্ঞাপন করা হলোঃ

| ক্রমিক নং | পর্বের নাম | তারিখ ও দিন | বঙ্গাব্দের তারিখ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | *শব-ই-মিরাজ | ০৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:, শুক্রবার | ২৬ মাঘ, ১৪৩০ | ০০ |
| ০২ | শ্রী শ্রী সরস্বতী পূজা | ১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:, বুধবার | ০১ ফাল্গুন, ১৪৩০ | ০১ |
| ০৩ | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:, বুধবার | ০৮ ফাল্গুন, ১৪৩০ | ০১ |
| ০৪ | *মাঘী পূর্ণিমা | ২৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:, শুক্রবার | ১০ ফাল্গুন, ১৪৩০ | ০০ |
| ০৫ | *শব-ই-বরাত | ২৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:, সোমবার | ১৩ ফাল্গুন, ১৪৩০ | ০১ |
| ০৬ | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ০৮ মার্চ ২০২৪ খ্রি:, শুক্রবার | ২৪ ফাল্গুন, ১৪৩০ | ০০ |
| ০৭ | *পবিত্র রমজান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস(১৭ মার্চ), শুভ দোলযাত্রা(২৫ মার্চ), স্বাধীনতা ও জাতীয় দিবস(২৬ মার্চ), ইস্টার সানডে(৩১ মার্চ), *জুমাতুল-বিদা(৫ এপ্রিল), *শব-ই-ক্বদর(০৭ এপ্রিল), *ঈদ-উল-ফিতর(১১ এপ্রিল), বৈসাবি(১২ এপ্রিল), নববর্ষ(১৪ এপ্রিল) | ১১ মার্চ ২০২৪ খ্রি:, সোমবার থেকে ১৮ এপ্রিল ২০২৪ খ্রি:, বৃহস্পতিবার পর্যন্ত | ২৭ ফাল্গুন, ১৪৩০ থেকে ০৫ বৈশাখ, ১৪৩১ | ২৯ |
| ০৮ | মে দিবস | ০১ মে ২০২৪ খ্রি:, বুধবার | ১৮ বৈশাখ, ১৪৩১ | ০১ |
| ০৯ | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা) | ২২ মে ২০২৪ খ্রি:, বুধবার | ০৮ জ্যৈষ্ঠ, ১৪৩১ | ০১ |
| ১০ | *পবিত্র ঈদ-উল-আযহা(১৬, ১৭ ও ১৮ জুন) ও গ্রীষ্মকালীন অবকাশ | ১৩ জুন ২০২৪ খ্রি:, বৃহস্পতিবার থেকে ০২ জুলাই ২০২৪ খ্রি:, মঙ্গলবার পর্যন্ত | ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩১ থেকে ১৮ আষাঢ়, ১৪৩১ পর্যন্ত | ১৪ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | *হিজরী নববর্ষ | ০৮ জুলাই ২০২৪ খ্রি:, সোমবার | ২৪ আষাঢ়, ১৪৩১ | ০১ |
| ১২ | *আশুরা | ১৭ জুলাই ২০২৪ খ্রি:, বুধবার | ০২ শ্রাবণ, ১৪৩১ | ০১ |
| ১৩ | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট ২০২৪ খ্রি:, বৃহস্পতিবার | ৩১ শ্রাবণ, ১৪৩১ | ০১ |
| ১৪ | শুভ জন্মাষ্টমী | ২৬ আগস্ট ২০২৪ খ্রি:, সোমবার | ১১ ভাদ্র, ১৪৩১ | ০১ |
| ১৫ | *আখেরি চাহার সোম্বা | ০৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:, বুধবার | ২০ ভাদ্র, ১৪৩১ | ০১ |
| ১৬ | *ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) | ১৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:, সোমবার | ০১ আশ্বিন, ১৪৩১ | ০১ |
| ১৭ | দুর্গাপূজা (বিজয়া দশমী ১৩ অক্টোবর), *ফাতেহা-ই-ইয়াজদাহম(১৫ অক্টোবর), শ্রী শ্রী লক্ষ্মীপূজা(১৬ অক্টোবর), প্রবারণা পূর্ণিমা(১৬ অক্টোবর) | ০৯ অক্টোবর ২০২৪ খ্রি:, বুধবার থেকে ১৭ অক্টোবর ২০২৪ খ্রি:, বৃহস্পতিবার পর্যন্ত | ২৪ আশ্বিন থেকে ০১ কার্তিক, ১৪৩১ পর্যন্ত | ০৭ |
| ১৮ | শ্রী শ্রী শ্যামা পূজা | ৩১ অক্টোবর ২০২৪ খ্রি:, বৃহস্পতিবার | ১৫ কার্তিক, ১৪৩১ | ০১ |
| ১৯ | শীতকালীন অবকাশ, বিজয় দিবস(১৬ ডিসেম্বর) এবং যিশু খ্রিষ্টের জন্মদিন(বড়দিন, ২৫ ডিসেম্বর) | ১২ ডিসেম্বর ২০২৪ খ্রি:, বৃহস্পতিবার থেকে ২৬ ডিসেম্বর ২০২৪ খ্রি:, বৃহস্পতিবার পর্যন্ত | ২৭ অগ্রহায়ণ থেকে ১১ পৌষ, ১৪৩১ পর্যন্ত | ১১ |
| ২০ | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ |
| | | মোট: | | ৭৬ দিন |

*চাঁদ দেখার উপর নির্ভরশীল।

➡ হাওড় অঞ্চলে বোরো ধান কাটা উপলক্ষ্যে মার্চ মাসের শেষ সপ্তাহ থেকে এপ্রিল মাসের ১ম সপ্তাহ পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকতে দেখা যায়। তাই হাওড় অঞ্চলের বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকবৃন্দ পবিত্র ঈদুল আযহা ও গ্রীষ্মকালীন ছুটি থেকে সমন্বয় করে উল্লিখিত সময়ে ১০ (দশ) দিন শ্রেণি কার্যক্রম বন্ধ রাখতে পারবেন। তবে ছুটি সমন্বয়কারী প্রতিষ্ঠান প্রধানকে গ্রীষ্মকালীন ছুটির সময় শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।

## সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষার সময় সূচি ২০২৪ খ্রি.

| মূল্যায়ন/পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন /অর্ধবার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষা | ২৩ মে, ২০২৪ খ্রি: বৃহস্পতিবার থেকে ০৯ জুন, ২০২৪ খ্রি: রবিবার পর্যন্ত | ১২ দিন | ১০ জুলাই ২০২৪ খ্রি:, বুধবার |
| নির্বাচনি পরীক্ষা | ২০ অক্টোবর, ২০২৪ খ্রি: রবিবার থেকে ০৫ নভেম্বর, ২০২৪ খ্রি: মঙ্গলবার পর্যন্ত | ১২ দিন | ১০ নভেম্বর ২০২৪ খ্রি:, রবিবার |

| | | | |
|---|---|---|---|
| বার্ষিক সামষ্টিক মূল্যায়ন/ বার্ষিক পরীক্ষা | ২১ নভেম্বর, ২০২৪ খ্রি: বৃহস্পতিবার থেকে ০৮ ডিসেম্বর, ২০২৪ খ্রি: রবিবার পর্যন্ত | ১২ দিন | ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি:, সোমবার |

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২৪খ্রি: পর্যন্ত। সরকার ঘোষিত নির্দেশনার আলোকে পাঠ্যপুস্তক বিতরণ করতে হবে।

২. উল্লিখিত মূল্যায়ন/পরীক্ষার সময়সূচি অনুযায়ী ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন, অর্ধ-বার্ষিক পরীক্ষা, প্রাক নির্বাচনি পরীক্ষা, বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করতে হবে এবং মূল্যায়নের কাগজপত্র ও বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করতে হবে। প্রতি মূল্যায়ন/পরীক্ষার সময় ১০/১২ কর্মদিবসের বেশি হবে না।

৩. স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতিত) নিজেরাই প্রণয়ন করবেন। কোনো অবস্থাতেই অন্য কোনো উৎস থেকে সংগৃহীত প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া যাবে না।

৪. মূল্যায়ন/পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোনো বিশেষ কারণে মূল্যায়ন/পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার ও শনিবার) ব্যতিত বছরে মোট ছুটি থাকবে ৭৬ দিন।

৬. কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন অনুষ্ঠেয় ভর্তি কার্যক্রম সম্পাদন ও অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৮. এসএসসি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতিত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

৯. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, বাংলা নববর্ষ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যালয়ে দিবসসমূহ উদ্‌যাপন করতে হবে।

১০. ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপন করতে হবে।

১১. প্রতিটি বিদ্যালয়ে সরকার কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজন ও শিক্ষাসপ্তাহ পালন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৩.১২.২৩

(মোসাম্মৎ রহিমা আক্তার)
উপসচিব

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-৬৪০

তারিখ : ২৮ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৬. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ ইস্কাটন রোড, ঢাকা
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. জেলা প্রশাসক, .............................. (সকল)
১১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ......................(সকল)
১২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
১৫. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকা
১৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা.............................................(সকল)
১৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
১৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক.................................
১৯. পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২০. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)
২১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.........................................
২৩. জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. জেলা শিক্ষা অফিসার,.................................................
২৫. অতিরিক্ত সচিব (মাধ্যমিক)/ যুগ্ম সচিব (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

১৩/১২/২৩

(মোসাম্মৎ রহিমা আক্তার)
উপসচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ওএম/১৮৮-সম/২০০২/২১৩৭

তারিখ: ০৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ১৯ ডিসেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ/কুমিল্লা অঞ্চল। (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/-----------------------------------------------------------------------------------।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৩। জেলা শিক্ষা অফিসার {(সকল জেলা) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)}।
০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার {(সকল) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)}।
০৫। সংরক্ষণ নথি।

১৯.১২.২৩

(দূর্গা রানী সিকদার)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
Email: addshesecondary1@gmail.com